# Isoniazid ও Rifapentine সম্পর্কে সাধারণ প্রশ্নসমূহ

## আমার যক্ষ্মা সংক্রমণের চিকিৎসা

আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারী আপনার যক্ষ্মা (Tuberculosis, TB) চিকিৎসার জন্য **Isoniazid ও Rifapentine** সেবন করতে বলেছেন। **এই ওষুধটি অবশ্যই প্রতি সপ্তাহে একবার করে 12 সপ্তাহ নিতে হবে,** খাবার খাওয়ার পরে পাঁচ থেকে 10 মিনিটের মধ্যে। Isoniazid ও rifapentine আপনাকে ভবিষ্যতে সক্রিয় যক্ষ্মা রোগ, একটি গুরুতর অসুখে অসুস্থ হয়ে পড়া থেকে রক্ষা পেতে সাহায্য করতে পারে।

### আমার যক্ষ্মা পরীক্ষা পজিটিভ, কিন্তু আমার বুকের এক্স-রে স্বাভাবিক। আমি সুস্থ বোধ করছি। আমার কি Isoniazid ও Rifapentine নেওয়া শুরু করতে হবে?

হ্যাঁ। এমনকি আপনি এই মুহূর্তে অসুস্থ বোধ না করলেও, আপনার শরীরে যক্ষ্মার জীবাণু রয়েছে। আপনার শরীরে যক্ষ্মার জীবাণু মেরে ফেলার একমাত্র উপায় হল ওষুধ নেওয়া।

### Isoniazid ও Rifapentine এর পার্শ্বপ্রতিক্রিয়াগুলো কী কী?

বেশিরভাগ মানুষ কোনো সমস্যা ছাড়াই এই ওষুধগুলো নিতে পারেন। Rifapentine আপনার প্রস্রাব (মূত্র), লালা (থুতু), অশ্রু বা ঘামের রঙ লালচে-কমলা রঙে বদলে দিতে পারে। এটি স্বাভাবিক। এই রঙ সময়ের সাথে সাথে চলে যাবে।

### আমি কি আমার অন্যান্য ওষুধ, হার্বাল ওষুধ, ভিটামিন বা সাপ্লিমেন্ট নিতে পারব?

এটি নির্ভর করে। কিছু ওষুধ, ভিটামিন ও সাপ্লিমেন্ট Isoniazid ও Rifapentine এর সাথে নেওয়া নিরাপদ। কিছু কিছু নিরাপদ নয়। ওভার-দ্য-কাউন্টার ওষুধ, প্রেসক্রিপশন ওষুধ (জন্ম নিয়ন্ত্রণের ওষুধসহ), হার্বাল ওষুধ, ঐতিহ্যগত ওষুধ, ভিটামিন এবং সাপ্লিমেন্টসহ আপনার গ্রহণ করা অন্যান্য ওষুধ সম্পর্কে আপনার সেবা প্রদানকারী, নার্স বা ফার্মাসিস্টকে বলুন।

### Isoniazid ও Rifapentine নেওয়ার সময় এমন কোনো খাদ্য বা পানীয় কি আছে যা আমার এড়িয়ে চলা উচিত?

হ্যাঁ। আপনার চিকিৎসার 12 সপ্তাহ সময়ে অ্যালকোহল পান করবেন না। অ্যালকোহল ও Isoniazid এবং Rifapentine একসাথে নিলে আপনার যকৃত ক্ষতিগ্রস্থ হতে পারে।

যে সব খাবারে টাইরামিন বা হিস্টামিন নামক রাসায়নিক পদার্থ আছে যেমন পনির, মাছ, জারানো বা স্মোকড মাংস, সেগুলো এড়িয়ে চলা উচিত। এগুলো ত্বক লাল হয়ে যাওয়া, দ্রুত হৃৎস্পন্দন বা বুক কাঁপা, রক্তচাপ বৃদ্ধি বা মাথাব্যথার মত লক্ষণের কারণ হতে পারে। আপনার কোনো বিশেষ খাদ্যাভাস দরকার কিনা জানার জন্য আপনার সেবা প্রদানকারীর সাথে কথা বলুন।

**আপনার যদি নিম্নলিখিত পার্শ্বপ্রতিক্রিয়াগুলোর কোনোটি দেখা দেয় তাহলে সাথে সাথে Isoniazid ও Rifapentine উভয়টিই গ্রহণ করা বন্ধ করুন ও আপনার সেবা প্রদানকারীর অফিসে ফোন করুন:**

- কোনো খাবার খেতে না চাওয়া
- বমি ভাব বা বমি
- পেট ব্যথা
- বাদামী (লাল বা কমলা নয়) প্রস্রাব (মূত্র)
- ফ্যাকাসে রঙের পায়খানা (মল/বিষ্ঠা)
- ডায়রিয়া
- বুকের নিচের অংশে ব্যথা বা বুক জ্বালা করা
- ফ্লু-এর মত উপসর্গ যার সাথে জ্বর থাকতেও পারে বা নাও থাকতে পারে
- মাথা এবং শরীরের ব্যথা
- অত্যন্ত দুর্বলতা বা ক্লান্তি
- জ্বর বা শীত করা
- মাথা ঘোরা
- ত্বক বা চোখ হলুদ হয়ে যাওয়া
- ত্বকের ফুসকুড়ি বা চুলকানি
- সহজে আঘাতের দাগ পড়া, বা ত্বকে লাল বা বেগুনী ছোপ পড়া যার কারণ আপনার অজানা
- সহজে রক্তপাত, নাক দিয়ে রক্ত পড়া বা আপনার মাড়ি বা আপনার দাঁত থেকে রক্ত পড়া
- শ্বাসকষ্ট
- আপনার হাত, বাহু, পা বা পায়ের পাতায় ব্যথা বা শিরশির করা
- দুঃখ বা বিষণ্নতার অনুভূতি

আপনার পার্শ্বপ্রতিক্রিয়াসমূহ যদি খারাপ হয়, তাহলে আপনি যক্ষ্মা চিকিৎসার জন্য একটি ভিন্ন ওষুধ গ্রহণ করতে সক্ষম হতে পারেন। আপনার কোনো দুশ্চিন্তা থাকলে আপনার সেবা প্রদানকারী, নার্স বা ফার্মাসিস্টের সাথে কথা বলুন।

NYC Health

# **Isoniazid ও Rifapentine সম্পর্কে সাধারণ প্রশ্নসমূহ**
আমার যক্ষ্মা সংক্রমণের চিকিৎসা

## আমি আমার ওষুধ নিতে ভুলে গেলে কী করব?

যদি এখনও সপ্তাহটি পার না হয়ে যায়, তাহলে আপনার মনে পড়ার সাথে সাথে ওষুধ নিয়ে নিন। যদি সপ্তাহ মিস হয়ে যায়, তাহলে নির্দেশনা অনুযায়ী ওষুধ নেওয়া চালিয়ে যান। যদি ওষুধ নিতে ভুলে যান তাহলে নির্দেশনার জন্য আপনার সেবা প্রদানকারীকে ফোন করুন।

## আমি কীভাবে আমার ওষুধ নেওয়ার কথা মনে রাখতে পারি?

প্রতি সপ্তাহে একবার আপনার ওষুধ নিন (যেমন প্রতি সোমবার সকালের নাস্তার সাথে)। আপনার ওষুধের খেয়াল রাখার জন্য বিভিন্ন উপায় রয়েছে:

- ☑ আপনার ওষুধ কখন এবং কীভাবে নেবেন তার খেয়াল রাখার জন্য একটি ওষুধ লগ, যেমন যক্ষ্মা সংক্রমণ ওষুধ ট্র্যাকার ব্যবহার করুন।
- ☑ আপনার ওষুধ কখন এবং কীভাবে নেবেন তার খেয়াল রাখার জন্য আপনার সেলফোন বা কম্পিউটারে একটি ক্যালেন্ডার অ্যাপ্লিকেশন (অ্যাপ) ব্যবহার করুন।
- ☑ আপনার ওষুধ নেওয়ার জন্য একটি দৈনিক অ্যালার্ম দিয়ে রাখুন।
- ☑ আপনার ওষুধ সব সময় একই জায়গায় রাখুন, যেমন বিছানার পাশের টেবিল।
- ☑ একটি সাপ্তাহিক পিলবক্স ব্যবহার করুন।
- ☑ একজন বন্ধু বা পরিবারের সদস্যকে আপনার ওষুধ নেওয়ার কথা মনে করিয়ে দিতে বলুন।

## আমি কীভাবে Isoniazid ও Rifapentine সংরক্ষণ করব?

আপনার Isoniazid ও Rifapentine কক্ষ তাপমাত্রায় সংরক্ষণ করুন। এই ওষুধগুলো এমন কোনো জায়গায় রাখবেন না যা খুবই ঠাণ্ডা (যেমন রেফ্রিজারেটরে), খুবই গরম (যেমন আপনার স্টোভের কাছে) বা খুবই আর্দ্র (যেমন আপনার বাথরুমের ক্যাবিনেট)। এটিকে শিশুদের নাগালের বাইরে রাখুন। আরো তথ্যের জন্য, **nyc.gov/health** এ যান এবং **"medicine safety"** (ওষুধ নিরাপত্তা) লিখে অনুসন্ধান করুন।

## আমার Isoniazid ও Rifapentine এর প্রেসক্রিপশন কি একবারে 30 দিনের বেশি সময়ের জন্য রিফিল করা যাবে?

Isoniazid ও Rifapentine নেওয়ার সময় আপনার চিকিৎসা ঠিকমত কাজ করছে কিনা নিশ্চিত হতে ও যে কোনো পার্শ্বপ্রতিক্রিয়া নিয়ে কথা বলতে আপনার সেবা প্রদানকারী খুব সম্ভবত প্রতি মাসে আপনার সাথে দেখা করতে চাইবেন। একসাথে, আপনি ও আপনার সেবা প্রদানকারী মিলে ঠিক করতে পারেন যে কোন কাজটি সেরা হবে।

**আপনার যক্ষ্মা সংক্রমণের চিকিৎসা সম্পর্কে কোনো প্রশ্ন বা দুশ্চিন্তা থাকলে অনুগ্রহ করে আপনার সেবা প্রদানকারীর সাথে কথা বলুন। জরুরী অবস্থায় বা পার্শ্বপ্রতিক্রিয়া খারাপ দিকে মোড় নিলে, আপনার সেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করুন বা নিকটস্থ ইমার্জেন্সি রুমে চলে যান।**

### সেবা প্রদানকারী/ক্লিনিকের যোগাযোগের তথ্য

সেবা প্রদানকারী/ক্লিনিকের নাম:

______________________________

______________________________

ফোন নম্বর:

______________________________

ঠিকানা:

______________________________

______________________________

## আমি যদি সুস্থ বোধ করি তাহলে কি ওষুধ কমিয়ে দিতে পারি? আমি কি নির্ধারিত সময়ের আগেই চিকিৎসা বন্ধ করতে পারি?

না। আপনার শরীরের যক্ষ্মা জীবাণুগুলো দূর করার সর্বোচ্চ সম্ভাবনার জন্য আপনার যক্ষ্মা সংক্রমণের সকল ওষুধ নেওয়া শেষ করা জরুরী। আপনি যদি নির্ধারিত সময়ের আগে চিকিৎসা বন্ধ করেন তাহলে পরে অসুস্থ হতে পারেন। চিকিৎসা বন্ধ করার আগে বা ওষুধ নেওয়া কমানোর আগে প্রথমে আপনার সেবা প্রদানকারীর সাথে কথা বলুন।

## আমি কখন Isoniazid ও Rifapentine নেওয়া বন্ধ করতে পারি?

আপনার 12 সপ্তাহের চিকিৎসার সবটুকু শেষ হওয়ার পরে। আপনার যদি ওষুধ নিতে অসুবিধা হয়, তাহলে আপনার সেবা প্রদানকারীর সাথে কথা বলুন যাতে তারা আপনাকে চিকিৎসা শেষ করতে সাহায্য করতে পারেন।